

## বৈরুতে ফিরছে এমিরেটসের পরিষেবা

- A Monitor Desk Report

Date: 27 January, 2025



দুবাইঃ ইসরায়েল ও হিজবুল্লাহর মধ্যে সংঘর্ষের কারণে চার মাস বন্ধ থাকার পর আগামী ১ ফেব্রুয়ারি থেকে বৈরুতে ফ্লাইট চালু করছে এমিরেটস এয়ারলাইনস।

মধ্যপ্রাচ্যের বৃহত্তম এয়ারলাইনস কোম্পানিটি সম্প্রতি জানিয়েছে, শুরুতে দৈনিক একটি করে যাত্রীবাহী ফ্লাইট চলাবে। এরপর ১ এপ্রিল থেকে দুটি ফ্লাইট চালুর পরিকল্পনা রয়েছে।

এছাড়া ১ ফেব্রুয়ারি থেকে ইরাকের রাজধানী বাগদাদে দৈনিক একটি ফ্লাইট পুনরায় চালু করবে এমিরেটস।

গত সেপ্টেম্বরের শেষ দিকে লেবাননে উত্তেজনা বৃদ্ধির কারণে বেশ কয়েকটি এয়ারলাইনস বৈরুতে পরিষেবা স্থগিত করে, যার একটি দুবাইভিত্তিক রাষ্ট্রায়ত্ত্ব এমিরেটস।

-B